

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
আইন শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০১.২২.৩৩৪

তারিখ: ৯ অগ্রহাষণ ১৪২৯

২৪ নভেম্বর ২০২২

বিষয়: বাংলাদেশ সুপ্রীম কোর্টের মাননীয় হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নম্বর ৮১৬০/২২ মামলার  
রায়ের বিরুদ্ধে মাননীয় আপিল বিভাগে আপিল মামলা দায়ের ও পরিচালনার জন্য এডভোকেট  
অন রেকর্ড (এ.ও.আর) নিয়োগ প্রদান।

সূত্র: আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, আইন ও বিচার বিভাগ, সলিসিটর অনুবিভাগ, রিট শাখা-১ এর  
স্মারক নং-এসসি/এ-১০.১৩৪.৩২.০০.০০.১০২৬/২০২২ (রিট-১)-১১৯১, তারিখ : ০২ নভেম্বর ২০২২।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সুপ্রীম কোর্টের মাননীয় হাইকোর্ট বিভাগের  
রিট পিটিশন নম্বর ৮১৬০/২২ মামলার রায়ের বিরুদ্ধে মাননীয় আপিল বিভাগে আপিল মামলা দায়েরকরণ ও মামলা  
পরিচালনা জন্য এডভোকেট জনাব হরিদাস পালকে এডভোকেট অন রেকর্ড (এ.ও.আর) নিয়োগ প্রদান করা হয়েছে।  
সেমতে, মামলার কার্যক্রম অবহিত স্বার্থে একজন উপযুক্ত প্রতিনিধি নিয়োগপূর্বক নিয়োগকৃত এ.ও.আর এর সাথে  
নিয়মিত যোগাযোগ রাখার জন্য অনুরোধ জানিয়েছে।

২। মাননীয় হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নম্বর ৮১৬০/২২ মামলাটি গত ১৬ আগস্ট ২০২২  
তারিখে ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০১.২২.২৬৯ সংখ্যক স্মারক পত্রের ১নং ক্রমিকে মামলার বিষয়ে প্রয়োজনীয়  
আইননানুগ ব্যবস্থা গ্রহণের জন্য পত্র দেয়া হয়।

৩। বর্ণিতাবস্থায়, মাননীয় হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নম্বর ৮১৬০/২২ মামলাটি পরিচালনার স্বার্থে একজন  
উপযুক্ত প্রতিনিধি নিয়োগপূর্বক নিয়োগকৃত এ.ও.আর এর সাথে নিয়মিত যোগাযোগ রাখার জন্য নির্দেশক্রমে অনুরোধ  
করা হলো।

২৪-১১-২০২২

মো: আব্দুল জলিল মজুমদার

সহকারী সচিব

ফোন: ৫৫১০১১৬৯

মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা  
ভবন, ঢাকা।


ইমেইল: law.section1@shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০১.২২.৩৩৪/১(৫)

তারিখ: ৯ অগ্রহাষণ ১৪২৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) উপ সলিসিটর, রিট-১ অধিশাখা, আইন ও বিচার বিভাগ
- ২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৪) তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৫) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



২৪-১১-২০২২

মো: আব্দুল জলিল মজুমদার  
সহকারী সচিব